

**B.A. 4th Semester (General) Examination, 2022 (CBCS)**

**Subject: Bengali**

**Course: SEC-2**

**Time: 2hrs.**

**Full Marks: 40**

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক  
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

২x৫ =১০

- ক) প্রাতিষ্ঠানিক পত্রের ভাগগুলি লেখো।
- খ) সংবাদ ও প্রতিবেদনের মধ্যে পার্থক্য লেখো?
- গ) সম্পাদকীয় প্রতিবেদন কাকে বলে?
- ঘ) প্রাতিষ্ঠানিক পত্রে প্রাপকের নাম ঠিকানা কোথায় থাকে?
- ঙ) ভাবসম্প্রসারণ কাকে বলে?
- চ) অনুচ্ছেদ ও প্রবন্ধের মধ্যে পার্থক্য বুঝিয়ে লেখো?
- ছ) ভাবার্থ লিখনের আয়তন কেমন হবে?
- জ) 'প্রতিবেদন'-এর আভিধানিক অর্থ লেখো।

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

৫x২=১০

- ক) গ্রামের গ্রন্থাগারে বইয়ের সংখ্যা বৃদ্ধির দাবিতে গ্রন্থাগারিককে একটি আবেদন-পত্র লেখো।
- খ) স্থানীয় মেলা নিয়ে একটি প্রতিবেদন রচনা করো।
- গ) শীতকাল বিষয়ে অনুচ্ছেদ রচনা করো।
- ঘ) ভাবার্থ লেখো :

বহু দিন ধরে বহু ক্রোশ দূরে  
বহু ব্যয় করি বহু দেশ ঘুরে  
দেখিতে গিয়েছি পর্বতমালা  
দেখিতে গিয়েছি সিন্ধু।  
দেখা হয় নাই চক্ষু মেলিয়া  
ঘর হতে শুধু দুই পা ফেলিয়া  
একটি ধানের শিষের উপরে  
একটি শিশির বিন্দু।

৩। যে-কোনো দুইটি প্রশ্নের উত্তর দাও :

১০x২=২০

- ক) 'মানুষের অসতর্কতায় পথ-দুর্ঘটনা বাড়েছে' -এই বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।
- খ) তোমাদের মহাবিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া-প্রতিযোগিতার বিবরণ দিয়ে বন্ধুকে একটি পত্র লেখো।
- গ) অনুচ্ছেদ রচনা করো - 'কোভিড-১৯'।
- ঘ) ভাব-সম্প্রসারণ করো- 'মেঘ দেখে কেউ করিসনে ভয়/ আড়ালে তার সূর্য হাসে '